# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 17.09.2024 Time: 7.35 A.M**

বিশেষ বিশেষ খবর –

১/ RG KAR কান্ড নিয়ে জুনিয়ার ডাক্তারদের কর্ম বিরতি, কোন্ পথে এগোবে তা' আজ বিকেল নাগাদ স্পষ্ট হতে পারে। সরানো হচ্ছে সিপি বিনীত গোয়েল সহ স্বাস্থ্য অধিকর্তা এবং স্বাস্থ্য শিক্ষা অধিকর্তাকে।

#দ্রুত কাজে যোগ দেওয়ার আহ্বান মুখ্যমন্ত্রীর। #বিজ্ঞপ্তি জারি না হওয়া পর্যন্ত কর্ম বিরতি চলবে বলে জানিয়েছেন জুনিয়ার ডাক্তাররা।

২/ হাসপাতালে আর্থিক দুর্নীতি মামলায় ইডি, আজ রাজ্যের ৬'জায়গায় তল্লাশি চালাচ্ছে।

৩/ ডিভিসি-র ছাড়া জলে বিভিন্ন জেলায় সৃষ্ট বন্যা পরিস্থিতিতে মুখ্যমন্ত্রী চূড়ান্ত সতর্কতা অবলম্বন করতে বলেছেন।

৪/ শাক সবজি সহ নিত্য প্রয়োজনীয় খাদ্য সামগ্রীর দাম নিয়ন্ত্রণে রাখতে রাজ্য সরকার আজ বৈঠকে বসছে।

৫/ আজ বিশ্বকর্মা পুজো। যন্ত্রের দেবতার আরাধনায় চলছে আয়োজন।

৬/ আইএসএল ফুটবলে মহামেডান স্পোর্টিং এক গোলে নর্থ ইস্ট ইউনাইটেড এফ সি-র কাছে পরাজিত হয়েছে।

*******************************************************************

RG KAR কান্ড নিয়ে জুনিয়ার ডাক্তারদের কর্ম বিরতি, কোন্ পথে এগোবে তা''আজ বিকেল নাগাদ স্পষ্ট হতে পারে। গতকাল রাজ্য সরকারের পক্ষ থেকে পঞ্চমবার আলোচনায় বসার প্রস্তাব দেবার পর বেশ কয়েক দফা মেল, পালটা ইমেলের শেষে মুখ্যমন্ত্রীর কালীঘাটের বাড়িতে যান জুনিয়ার চিকিৎসকদের প্রতিনিধি দল। গতকালের বৈঠক নিয়ে আমাদের সংবাদদাতার একটি প্রতিবেদন।

( ভিসি- অভিরূপ )

লাইভ সম্প্রচার বা ভিডিও রেকর্ডিং-এর ব্যাপারে রাজ্য সরকার রাজী না হওয়ায় বৈঠকের পর দীর্ঘক্ষন ধরে মিনিট লেখার কাজ। প্রায় ৬ ঘন্টা পর মুখ্যমন্ত্রীর বাড়ি থেকে বেরিয়ে আসেন জুনিয়ার চিকিৎসকরা। পরে মুখ্যমন্ত্রী সাংবাদিকদের জানান, আন্দোলনরত ডাক্তারদের অধিকাংশ দাবীই মেনে নেওয়া হয়েছে। আজ বিকেল চারটেয় এ সংক্রান্ত বিজ্ঞপ্তি জারী হবে। শীঘ্র তাঁদের কাজে যোগ দেওয়ার অনুরোধ জানান তিনি।

( বাইট- মমতা )

অন্যদিকে, কালীঘাটে কিছু না জানালেও ধর্ণামঞ্চে ফিরে গিয়ে আন্দোলনরত চিকিৎসকরা বলেন, বৈঠকে যা সিদ্ধান্ত হয়েছে তা সদর্থক। একে এক প্রকার তাঁদের জয় হয়েছে বলেই অভিহিত করেন তাঁরা। তবে আজ বিকেলে প্রশাসনিক বিজ্ঞপ্তি না বেরোনো পর্যন্ত কর্মবিরতি চলবে। WBJDF এর পক্ষ থেকে ডাক্তার সৌম্যদীপ রায় আকাশবাণীকে জানিয়েছেন,

(বাইট- ডাক্তার সৌম্যদীপ)

***********************

সুপ্রিম কোর্টে আজ আর জি কর হাসপাতালে কর্তব্যরত অবস্থায় PGT চিকিৎসকের ধর্ষণ ও খুনের স্বতঃপ্রণোদিত মামলার ফের শুনানি হবে। আজ এযাবৎ তদন্তের নতুন করে স্টেটাস রিপোর্ট জমা দেবে সিবিআই। এই মামলায় বক্তব্য জানাতে চেয়ে আরও কয়েকটি আবেদন জমা পড়েছে। আর জি করে ধর্ষণ ও খুন এবং দুর্নীতি সংক্রান্ত সবকটি মামলার একসঙ্গে শুনানি চলছে।

আন্দোলনকারী জুনিয়ার ডাক্তারদের তরফে আজ প্রবীণ আইনজীবি ইন্দিরা জয়সিং সওয়াল করবেন। এর আগের শুনানিতে ছাত্রদের পক্ষে গীতা লুথ্‌রা সওয়াল করেন। আজকের এই শুনানির দিকে নজর রয়েছে সব পক্ষের'ই।

*********************

আর জি কর হাসপাতালে আর্থিক দুর্নীতি মামলায় ইডি, আজ রাজ্যের ৬'জায়গায় তল্লাশি চালাচ্ছে। হাসপাতালের রোগী কল্যাণ সমিতির চেয়ারম্যান সুদীপ্ত রায়ের বাড়ি এবং নার্সিং হোমে তল্লাশির পাশাপাশি বালিগঞ্জ সার্কুলার রোডের এক ওষুধ ব্যবসায়ীর বাড়িতে চলছে তল্লাশি। অভিযান চলছে হুগলীতেও। সিঁথিতে সুদীপ্ত রায়ের এক ভাইকে বাড়ির নীচে জেরা করা হচ্ছে। সর্বত্রই রয়েছে কেন্দ্রীয় বাহিনী।

*********************

বিজেপি আগামীকাল থেকে আরজিকরের ঘটনার প্রতিবাদে সারা রাজ্যে পথসভা করবে। কলকাতায় গতকাল দলের ধর্না অবস্থানের শেষ দিনে রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার জানিয়েছেন, আগামীকাল থেকে পয়লা অক্টোবর পর্যন্ত রাজ্যের প্রতিটি পুরসভা ও পঞ্চায়েত এলাকায় পথসভা করে আরজিকরের ঘটনার বিষয়ে মানুষকে জানানো হবে। পাশাপাশি মুখ্যমন্ত্রীর পদত্যাগের দাবিতে ১৮তারিখ বুধবার থেকে রাজ্যের মানুষের সই সংগ্রহ করা হবে। প্রায় এক কোটি সই সংগ্রহ করে সেই সই নিয়ে দলের সাংসদ ও বিধায়করা রাজ্যপালের কাছে জমা দেবেন। এরপর আগামী ২৩ তারিখ দলের মহিলা নেত্রীরা রাজ্যব্যাপী থানা সাফাই অভিযান করবে। এছাড়া প্রতিটি স্টেশনে মাইকে এই ঘটনার বিষয়ে মানুষকে জানানো হবে। এরপর আগামী ২৫তারিখ হাজরা মোড়ে জনসভা করা হবে। এর জন্য পুলিশের কাছে অনুমতি চাওয়া হয়েছে। তা না  পাওয়া গেলে বিজেপি আদালতের দ্বারস্থ হবে। এক ভিডিও বার্তায় সুকান্তবাবু জানান, বাংলার ১০কোটি মানুষের আন্দোলনে মুখ্যমন্ত্রী ভয় পেয়েছেন। এই আন্দোলনের কাছে মুখ্যমন্ত্রীর পরাজয় হয়েছে বলেও তাঁর দাবী। তবে যতক্ষণ না ঘোষণা কার্যকর হচ্ছে তা বিশ্বাসযোগ্য নয়।

*********************

রাজ্যে সাম্প্রতিক লাগাতার বর্ষণ এবং ডিভিসির বিভিন্ন বাঁধ থেকে প্রচুর জল ছাড়ার কারণে বিভিন্ন জেলায় বন্যা পরিস্থিতির আশঙ্কা তৈরি হয়েছে। এই বিষয়ে রাজ্য সরকার চূড়ান্ত সতর্কতা অবলম্বন করছে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি জানিয়েছেন। কালীঘাটে নিজের বাড়িতে জুনিয়র ডাক্তারদের বৈঠকের পর সাংবাদিক সম্মেলনে তিনি অভিযোগ করেন, রাজ্য সরকারের সাথে আলোচনা না করেই ডিভিসি, পাঞ্চেত ও তেনুঘাট জলাধার থেকে ৮০- ৯০ হাজার কিউসেক জল ছেড়ে দেওয়ায় বীরভূম, বর্ধমান, বাঁকুড়া ,হাওড়া, হুগলি, দুই ২৪ পরগনার বিভিন্ন নিচু এলাকায় প্লাবনের আশঙ্কা দেখা দিয়েছে। জল ছাড়া অব্যাহত থাকলে আজ পরিস্থিতির আরো অবনতি হতে পারে। বিষয়টি নিয়ে তিনি ঝাড়খণ্ডের মুখ্যমন্ত্রী হেমন্ত সরেনের সঙ্গে টেলিফোনে দীর্ঘ আলোচনা করেছেন। নিজের আশঙ্কার কথা জানিয়ে ঝাড়খন্ডে থাকা নদী বাঁধ গুলি থেকে আচমকা জল না ছাড়তে অনুরোধও করা হয়েছে বলে জানান মুখ্যমন্ত্রী। তিনি বলেন, মুখ্য সচিব মনোজ পন্থ নিয়মিত পরিস্থিতির উপর নজর রাখছেন। জেলাগুলিকেও বন্যা মোকাবিলায় প্রয়োজনীয় সব রকমের প্রস্তুতি নিয়ে রাখতে বলা হয়েছে। সাধারণ মানুষকেও কোনরকম ঝুঁকি না নিয়ে সতর্ক থাকতে মুখ্যমন্ত্রী আবেদন জানিয়েছেন।

***********************

পশ্চিম মেদিনীপুরের ঘাটাল মহকুমার বন্যা পরিস্থিতি ভয়াবহ রূপ ধারণ করেছে। গতকাল সারাদিনে নদীগুলিতে জলের চাপ ক্রমশ বেড়েছে। ফলে বিভিন্ন এলাকা নতুন করে প্লাবিত হয়েছে। গতকাল বিকেলে চন্দ্রকোনা-১ ব্লকের মনোহরপুর-১গ্রাম পঞ্চায়েতের গাংচা গ্রামে শিলাবতী নদীর বাঁধ ভেঙেছে। এরফলে পার্শ্ববর্তী প্রায় ১০টি গ্রাম বন্যার জলে ভেসে যায়। সেই সঙ্গে বিস্তীর্ণ এলাকার কৃষি জমিও জলের তলায়।

অন্যদিকে, ঘাটালের বন্দর এলাকায় রূপনারায়ণ নদের জল গতরাত থেকেই বিপদসীমার উপর দিয়ে বয়ে চলেছে। গতকাল বিকেলে ঘাটালের সাংসদ দীপক অধিকারী (অভিনেতা দেব) বিভিন্ন এলাকায় বন্যা পরিস্থিতি পরিদর্শন করেন। পরে তিনি মহকুমা প্রশাসনের সঙ্গে বন্যা পরিস্থিতি নিয়ে বৈঠক করেন। সেই বৈঠকে জল বাড়লে কিভাবে মোকাবিলা করা হবে, ত্রাণ ও আশ্রয়এবং বন্যার সময় এলাকায়

বিদ্যুৎ ও পানীয় জলের পরিষেবা প্রভৃতি বিষয়ে আলোচনা হয়। দেব জানান, ঘটালের পরিস্থিতির দিকে প্রশাসনের নজর রয়েছে। ডাক্তারদের কর্মবিরতি নিয়ে কোনো মন্তব্য করতে না চাইলেও হাসপাতালে যে তাঁদের প্রয়োজন রয়েছে তা জানিয়ে দেন তিনি।

এদিকে, সঙ্কটজনক পরিস্থিতির সৃষ্টি হয়েছে হুগলী, হাওড়া, বাঁকুড়া, ঝাড়গ্রাম, পশ্চিম মেদিনীপুরে।

**********************

আসন্ন উৎসবের মরশুমে শাকসবজি সহ নিত্য প্রয়োজনীয় খাদ্য সামগ্রীর বাজার দর নিয়ন্ত্রণে রাখতে রাজ্য সরকার ফের বৈঠকে বসছে। মুখ্যসচিব মনোজ পন্থ-এর ডাকা আজকের (বিশ্বকর্মা পুজোর দিনে) ওই পর্যালোচনা বৈঠকে সংশ্লিষ্ট দফতরের মন্ত্রী, সচিব সহ শীর্ষ আধিকারিক, ব্যবসায়ী সংগঠনের প্রতিনিধি ও সরকারের গঠিত টাস্ক কোর্সের প্রতিনিধিদের উপস্থিত থাকতে বলা হয়েছে। সাম্প্রতিক দুর্যোগের জেরে ফসলের কতটা ক্ষতি হয়েছে এবং তার জেরে আগামী দিনে বাজারদরে পড়তে পারে কিনা, তাও খতিয়ে দেখা হবে।

টাস্ক ফোর্সের সদস্য কমল দে জানিয়েছেন, এখনো পর্যন্ত সব্জির দাম নিয়ন্ত্রণে রয়েছে। তবে কেন্দ্রীয় সরকার বিদেশে রপ্তানির উপর বিধিনিষেধ তুলে নেওয়ার ফলে পেঁয়াজের দাম বেড়ে গেছে। খুচরো বাজারে ৫৫-৬০ টাকা কেজি দরে পেঁয়াজ বিক্রি হচ্ছে।

**********************

আজ বিশ্বকর্মা পুজো। উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে সাড়ম্বরে কলকারখানা সহ নানা প্রতিষ্ঠানে যন্ত্রের দেবতা তথা শিল্পের দেবতা বিশ্বকর্মা পূজোর আয়োজন করা হয়েছে। ভাদ্র মাসের সংক্রান্তিতে শুক্লপক্ষে বিশ্বকর্মা পুজো অনুষ্ঠিত হয়। বিশ্বকর্মা পুজোর অন্যতম আকর্ষণ আকাশে রংবেরঙের ঘুরি। কোথাও কোথাও বিশালাকার ঘুড়ি উড়িয়ে ঘুড়ি উড়ানোর আনন্দকে এক বিশেষমাত্রায় পৌঁছে দেওয়ার আয়োজন করা হয়।

আসানসোলে বিশেষ উন্মাদনা লক্ষ করা যাচ্ছে। পুজোর আয়োজন হয়েছে হাওড়া, শিয়ালদা সহ অন্যান্য রেল স্টেশনে। আকাশবাণীতেও বিশ্বকর্মা পুজোর আয়োজন করা হচ্ছে।

**********************

রাজ্য সরকার, আগামী ১৫ ই অক্টোবর রেড রোডে দুর্গাপূজা কার্নিভাল আয়োজনের লক্ষ্যে প্রায় ৭০ লক্ষ টাকার দরপত্র ডেকেছে। মঞ্চ তৈরি, গাছের ডাল কাটা, অনুষ্ঠান সরাসরি সম্প্রচারের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা সহ বিভিন্ন কাজে - পূর্ত দপ্তরের পক্ষ থেকে, এই দরপত্র ডাকা হয় বলে খবর। চলতি মাসের ২৩ তারিখ পর্যন্ত অনলাইনে এই আবেদন করা যাবে।

উল্লেখ্য, রাজ্য সরকার এই বছর পুজো কমিটিগুলোকে ৮৫ হাজার টাকা অনুদান দেওয়ার কথা ঘোষণা করলেও, আর জি কর-এর ঘটনার প্রেক্ষিতে অনেক পূজা কমিটিই অনুদান ফিরিয়ে দেওয়ার কথা জানিয়েছে।

**********************

বিশ্বকর্মা পুজোর আগে নিম্নচাপের বৃষ্টির জেরে ফুল চাষে ব্যাপক ক্ষতি হয়েছে। পূর্ব মেদিনীপুর, হাওড়া, দক্ষিণ চব্বিশ পরগনার মত ফুল উৎপাদক জেলাগুলির সব জায়গা থেকে এই ক্ষয়ক্ষতির খবর মিলেছে। এর প্রভাব পড়েছে বাজারে। শাকসবজি ফলমূলের পাশাপাশি ফুলের দামও আকাশ ছুঁয়েছে। রাজ্যের উদ্যানপালন দপ্তর যাওয়া গিয়েছে টানা বৃষ্টিতে বহু জমিতে জল জমে যাওয়ায় গত তিন দিনে প্রচুর ফুল নষ্ট হয়ে গিয়েছে। পাশাপাশি বৃষ্টির জন্য চালান দেওয়ার সময় ও প্রচুর ফুল পচে নষ্ট হয়ে গিয়েছে বলে উদ্যানপালন দফতর সূত্রে জানা গিয়েছে।

**********************

ISL ফুটবলে গতকাল মহামেডান স্পোর্টিং, নর্থ ইস্ট ইউনাইটেড FC-র কাছে পরাজিত হয়েছে। যাদবপুরের কিশোরভারতী ক্রীড়াঙ্গণে খেলার ৯০ মিনিট গোলশূণ্য থাকলেও, অতিরিক্ত সময়ে নর্থ ইস্টের অ্যালেদিন, আজারাই গোল করে দলকে জয় এনে দেন।

উল্লেখ্য, আই লীগ জয়ী মহামেডান স্পোর্টিং এবারই প্রথম ISL–এ অভিযান শুরু করেছে। এখনো পর্যন্ত বাংলার মোহনবাগান, ইস্টবেঙ্গল ও মহামেডান, তাদের প্রথম তিনটে খেলাতেই পরাজিত হয়েছে।

***********************************************************